লেন্স এশিয়া

LENS ASIA

১৯ ফেব্রুয়ারি, ২০২৬


# রমজানে বাজারে কৃত্রিম সংকট সৃষ্টি করলে ছাড় নয়: ইশরাক হোসেন



ইশরাক হোসেন। সংগৃহীত

পবিত্র রমজানকে সামনে রেখে নিত্যপণ্যের বাজারে কৃত্রিম সংকট বা অস্বাভাবিক মূল্যবৃদ্ধি সহ্য করা হবে না বলে স্পষ্ট বার্তা দিয়েছেন মুক্তিযুদ্ধবিষয়ক প্রতিমন্ত্রী ইশরাক হোসেন। তিনি জানিয়েছেন, এমন কোনো অপচেষ্টা ধরা পড়লে কঠোর আইনি ব্যবস্থা নেওয়া হবে।

বুধবার (১৮ ফেব্রুয়ারি) নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে তিনি বলেন, খাদ্যদ্রব্য, ভোজ্যতেলসহ সব ধরনের নিত্যপ্রয়োজনীয় পণ্যের বাজার পরিস্থিতি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করা হচ্ছে। বড় আমদানিকারক, সরবরাহকারী প্রতিষ্ঠান, মজুতদার ও পাইকারি ব্যবসায়ীদের উদ্দেশে তিনি সতর্কবার্তা দেন— রমজানকে ঘিরে কোনো ধরনের কারসাজি বরদাশত করা হবে না।



Ishraque Hossain - ইশরাক হোসেন

2h ·

রমজান মাসে খাদ্যদ্রব্য, ভোজ্যতেল ও ভোগ্যপণ্যের সবচেয়ে বড় আমদানিকারক সিন্ডিকেট বসুন্ধরা, ফ্রেশ, সিটি , টিকে, নাবিল, এসিআই ইত্যাদি - মজুতদার ও পাইকারদের উদ্দেশ্যে কঠিন হুঁশিয়ারি দিচ্ছি। আমার নির্বাচিত সংসদীয় আসন থেকে সোজা করা শুরু হবে। এরপর যতদূর যেতে পারি।
কোনও বড় নেতা, মন্ত্রী , সরকারি কর্মকর্তা দিয়ে ক্ষমতা ব্যবহার করার সুযোগ নেই। সকল মাফিয়াদের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করলাম। সাধারণ নিম্নআয়ের মানুষ ঠিক মতো খেতে না পারলে, এই মাফিয়াদের বাড়িতেও রান্না হবে না। কথা দিলাম ইনশাআল্লাহ ।

Maksuda Rupu, Kamal Bappy and 161K others 24.6K comments 15K shares

প্রতিমন্ত্রী আরও জানান, তার নির্বাচনী এলাকা থেকেই এ অভিযান শুরু হবে এবং প্রয়োজন হলে তা সারা দেশে বিস্তৃত করা হবে। বাজারে অস্থিতিশীলতা তৈরির সঙ্গে জড়িতদের ক্ষেত্রে রাজনৈতিক বা প্রশাসনিক প্রভাব খাটিয়ে রক্ষা পাওয়ার সুযোগ থাকবে না বলেও তিনি উল্লেখ করেন। তার ভাষায়, প্রভাবশালী কোনো ব্যক্তি বা কর্মকর্তা কারও পক্ষে ঢাল হয়ে দাঁড়াতে পারবেন না; অসাধু চক্রের বিরুদ্ধে কঠোর অবস্থান নেওয়া হবে।